

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 10-01-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লুর ভাষণের মধ্য দিয়ে আজ থেকে রাজ্য বিধানসভার শীতকালীন অধিবেশন শুরু হয়েছে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বিধানসভায় জানিয়েছেন রাজ্যের কলেজগুলিতে শিক্ষকের অভাব পূরণের জন্য শীঘ্ৰই ৪০১ জন সহকারী অধ্যাপক নিয়োগ করা হবে।
- (৩) রাজ্য সরকার আগরতলা শহরে আরো একটি উড়াল পুল নির্মানের সিদ্ধান্ত নিয়েছে।
- (৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম আজ বলেছেন যে প্রবাসী ভারতীয়রা বিশ্ব সম্প্রদায়ের কাছে ভারতের প্রকৃত চির উপস্থাপন করেন।

\*\*\*\*\*

**Assembly Session :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লুর ভাষণের মধ্য দিয়ে আজ থেকে রাজ্য বিধানসভার শীতকালীন অধিবেশন শুরু হয়েছে। অধিবেশন চলবে ১৫ই জানুয়ারী পর্যন্ত। পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ আজ অধিবেশনে মন্ত্রীসভার সদস্য, অধ্যক্ষ, উপাধ্যক্ষ, বিরোধী দলনেতা, সরকারী মুখ্যসচেতক ও বিধায়কদের বেতনভাতা, পেনশন ও অন্যান্য সুযোগ সুবিধা সংক্রান্ত নবম সংশোধনী বিল পেশ করেন। তাছাড়া শ্রমমন্ত্রী টিংকু রায় আজ সভায় Tripura

shops and establishments-এর ষষ্ঠ সংশোধনী বিল পেশ করেন।

প্রাক্তন প্রধানমন্ত্রী ও বিশিষ্ট অর্থনীতিবিদ ড. মনমোহন সিং-এর প্রয়াণে আজ বিধানসভা অধিবেশনে স্মৃতিচারন করা হয়। অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন শোক প্রস্তাব পাঠ করার পর বিধানসভার সদস্যগণ দাঁড়িয়ে দুই মিনিট নীরবতা পালন করে প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রীর প্রতি শ্রদ্ধা জানান।

\*\*\*\*\*

#### **Governor Speech :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু আজ বিধানসভার অধিবেশনে ভাষণ দিতে গিয়ে বলেছেন, কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় এবং রাজ্য সরকারের আন্তরিক প্রচেষ্টায় রাজ্যে স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, জনজাতি কল্যাণ সহ সব ক্ষেত্রেই অগ্রগতি হচ্ছে। তিনি বলেন, সবকা সাথ সবকা বিকাশ নীতি হচ্ছে উন্নয়নের পথে সমাজের সকলকের মানুষকে নিয়ে এগিয়ে চলার নীতি যা ত্রিপুরায় গভীরভাবে প্রতিফলিত হচ্ছে।

গত আগস্ট মাসে রাজ্যে বন্যায় ক্ষতিগ্রস্তদের মধ্যে সরকারী সাহায্যের কথাও উল্লেখ করেন রাজ্যপাল। সম্প্রতি ত্রিপুরা সরকার ও ভারত সরকার NLFT এবং ATTF-এর সঙ্গে সমঝোতাপত্র স্বাক্ষরের কথা উল্লেখ করে রাজ্যপাল বলেন, রাজ্য এখন শান্তিপূর্ণ রয়েছে। তিনি বলেন, মহিলাদের সাক্ষরতা এবং মেয়েদের উচ্চশিক্ষায় উৎসাহিত করতে মুখ্যমন্ত্রী কন্যা আত্মনির্ভর যোজনা নামে একটি প্রকল্প চালু করা হয়েছে। শিক্ষাক্ষেত্রের উন্নয়নে লেন্স ছড়ায় কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসনিক ভবন নির্মাণের জন্য ১০০ কোটি ৮৩ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। রাজ্যের যুবাদের কর্মসংস্থানের দক্ষতা বৃদ্ধি করার জন্য ভালো কোম্পানিগুলিতে ইন্টার্নশীপের সুযোগ করে দিতে চালু করা হয়েছে প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ প্রকল্প। রাজ্যপাল

বলেন, মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কিশোর অভিযানের আওতায় ১১ লক্ষ ৩৫ হাজার ৮৩ জন শিশু ও বয়সন্ধিকালীন কিশোর কিশোরীরা উপকৃত হয়েছে। তাছাড়া সড়ক উন্নয়নে গুরুত্বপূর্ণ সড়কগুলির জন্য সরকার ২ হাজার ৮০০ কোটি টাকা অনুমোদন করেছে। প্রধানমন্ত্রী জল জীবন মিশনের অধীনে 'হর ঘর নল সে জল' প্রকল্প চালু করা হয়েছে বলে উল্লেখ করেন। তাছাড়া ত্রিপুরাকে লজিস্টিক হাব হিসেবে গড়ে তোলার জন্য কাজ চলছে বলে তিনি জানান।

রাজ্যপাল আরো বলেন, রাজ্য সরকার বেকার যুবকদের কর্মসংস্থানের উদ্দেশ্যে ৯১৬ জন কনস্টেবল এবং ২১৮ জন সাব-ইন্সপেক্টর নিয়োগের জন্য প্রক্রিয়া শুরু করেছে। তাছাড়া আরক্ষা দপ্তরে ৬ হাজার ৬৭ জন স্পেশাল এক্সিকিউটিভ নিয়োগের প্রক্রিয়া চলছে। তিনি বলেন, 'ধরতি আবা জনজাতিয় উৎকর্ষ অভিযান' এর আওতায় ভারত সরকারের বিভিন্ন প্রকল্পের সমন্বয় সাধন করে জনজাতি সম্প্রদায়ের সামগ্রিক উন্নয়ন এবং ক্ষমতায়নের লক্ষ্যে কাজ করা হবে। এই প্রকল্পটি রূপায়িত হবে সারা দেশে ৬৩ হাজার ৮৪৩টি গ্রামকে নিয়ে। যার মধ্যে ত্রিপুরার ৩৯২টি গ্রাম রয়েছে। এই প্রকল্পের কাজ ৫ বছরের মধ্যে সম্পন্ন করা হবে।

#####Byte-Governor#####

\*\*\*\*\*

#### **Assembly-Teacher :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বিধানসভায় বলেছেন রাজ্যের কলেজগুলিতে শিক্ষকের অভাব পূরণের জন্য শীঘ্ৰই ৪০১ জন সহকারী অধ্যাপক নিয়োগ করা হবে। বিধায়ক অশোক চন্দ্র মিত্রের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী আরো জানান, বর্তমানে রাজ্য ৩১টি সাধারণ ডিগ্রি কলেজে ৭২ হাজার ৯ জন ছাত্রছাত্রী

রয়েছে। এই কলেজগুলিতে পিজিটি, অধ্যাপক এবং সহকারী অধ্যাপক মিলে মোট ৭৮৭ জন শিক্ষক রয়েছেন।

\*\*\*\*\*

#### **Flyover :**

রাজ্য সরকার আগরতলা শহরে আরো একটি উড়াল পুল নির্মানের সিদ্ধান্ত নিয়েছে। এই উদ্দেশ্যে খুব শীত্বাই সার্ভের কাজ শুরু হবে। এই সার্ভের জন্য রাজ্য সরকার একটি কমিটি গঠন করেছে। উড়াল পুলের জন্য কি পরিমান জমি অধিগ্রহণ করতে হবে তা বিশদ উল্লেখ করে সার্ভে রিপোর্ট আগামী ২০শে জানুয়ারির মধ্যে রাজ্য সরকারের কাছে জমা দিতে হবে। প্রস্তবিত এই উড়াল পুলটি হবে রাধানগর বাস টার্মিনাল থকে উত্তর গেইট, হারাধন সংঘ ট্রাই জংশন, কর্ণেল চৌমুহনী, বিদ্যুরকর্তা চৌমুহনী, আর এম এস চৌমুহনী হয়ে আই জি এম হাসপাতাল চৌমুহনী পর্যন্ত।

\*\*\*\*\*

#### **MSME :**

ভারত সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের প্রতিরক্ষা উৎপাদন বিভাগের সহযোগিতায় ভারত চেষ্টার অফ কর্মসূচি এর উদ্যোগে আজ আগরতলায় 'লোকাল টু ফোকাল - ফোকাস এম.এম.এস.ই' উদ্যোগাদের বিবর্তন' শীর্ষক একদিনের সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। এই সচেতনতা অধিবেশনের উদ্দেশ্য ছিল অতি ক্ষুদ্র ও ক্ষুদ্র শিল্প উদ্যোগ অর্থাৎ এমএসএম ই-প্রতিষ্ঠানদের জন্য প্রতিরক্ষা সামগ্রী উৎপাদন ক্ষেত্রে ব্যবসায়িক সুযোগের রূপরেখা তুলে ধরা এবং প্রতিরক্ষা উৎপাদন ও রপ্তানি ক্ষেত্রকে আরও প্রতিযোগিতামূলক হতে সক্ষম করা।

অনুষ্ঠানে মহাকাশ ও প্রতিরক্ষা বিভাগের ম্যানেজার বলপ্রীত সিং ত্রিপুরায় সম্ভাবনার কথা তুলে ধরে বলেন, মহাকাশ ও প্রতিরক্ষা সরবরাহ শৃঙ্খলের অংশ হয়ে ওঠার জন্য অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি

শিল্পাদ্যোগ এবং স্টার্ট-আপগুলিকে কাজে লাগানো যেতে পারে। রাজ্য প্রচুর পরিমাণে রাবার, বাঁশ এবং অন্যান্য কাঁচামাল প্রতিরক্ষার জন্য প্রয়োজনীয় হালকা ওজনের উপকরণের জন্য ব্যবহার করা যেতে পারে। প্রতিরক্ষা মন্ত্রকের প্রতিরক্ষা উৎপাদন দফতরের ডিফেন্স ইনভেস্টমেন্ট অ্যান্ড করিডোর সেলের ডেপুটি ডিরেক্টর জেনারেল অধিলেশ কুমার মিশ্র বলেন, ২০১৪ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে কেন্দ্রীয় সরকার দেশীয় প্রতিরক্ষা সরঞ্জাম, যন্ত্রাংশ তৈরিতে সর্বাধিক জোর দিয়েছে। শ্রী মিশ্র আরও বলেন, বর্তমানে ভারত একটি প্রধান প্রতিরক্ষা রফতানি কারক দেশ হয়ে উঠেছে।

#####Byte#####

এই কর্মসূচিতে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেডের চিফ ম্যানেজার ইন্টিগ্রেটেড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট এস কে মাজি, শিল্প ও বাণিজ্য দপ্তরের যুগ্ম অধিকর্তা সব্যসাচী দেববর্মা, টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ শিলাদিত্য মুঞ্চি।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

**President, NRI :**

ରାଷ୍ଟ୍ରପତି ଦ୍ରୌପଦୀ ମୁର୍ମୁ ଆଜ ବଲେଛେ ଯେ ପ୍ରବାସୀ ଭାରତୀୟରା ବିଶ୍ୱ ସମ୍ପ୍ରଦାୟର କାହେ ଭାରତେ ପ୍ରକୃତ ଚିତ୍ର ଉପସ୍ଥାପନ କରେନ। ରାଷ୍ଟ୍ରପତି ବଲେନ, ପ୍ରବାସୀ ଭାରତୀୟରା ଚିକିତ୍ସା ଓ ପ୍ରସୁତି ସହ ସବ କ୍ଷେତ୍ରେ ଶ୍ରେଷ୍ଠ ଅର୍ଜନ କରେଛେ। ରାଷ୍ଟ୍ରପତି ଆଜ ବିକେଳେ ଭୁବନେଶ୍ୱରେ ଜନତା ମୟଦାନେ ଅଷ୍ଟାଦଶ ପ୍ରବାସୀ ଭାରତୀୟ ଦିବସ ସମ୍ମେଲନେର ସମାପ୍ତି ଅନୁଷ୍ଠାନେ ଭାଷଣ ଦିଚ୍ଛିଲେନ।

# ##### Byte-President #####

ରାଷ୍ଟ୍ରପତି ଆଜ ଅନୁଷ୍ଠାନେ ବିଭିନ୍ନ କ୍ଷେତ୍ରେ ଶ୍ରେଷ୍ଠରେ ଜନ୍ୟ ଭାରତୀୟ ପ୍ରବାସୀଦେର ବିଶିଷ୍ଟ ସଦସ୍ୟଦେର ପ୍ରବାସୀ ଭାରତୀୟ ସମ୍ମାନ ପ୍ରଦାନ କରେନ। କେନ୍ଦ୍ରୀୟ ମନ୍ତ୍ରୀ ଡଃ ଏସ ଜୟଶଙ୍କର, ଜୁଯାଲ ଓରାମ, ଧର୍ମେନ୍ଦ୍ର ପ୍ରଧାନ, ଓଡ଼ିଶାର ଗଭର୍ନର ହରି ବାବୁ କାମଭାମପତି, ଓଡ଼ିଶାର ମୁଖ୍ୟମନ୍ତ୍ରୀ ମୋହନ ଚରଣ ମାଝି ଏବଂ ଅନ୍ୟନ୍ୟ ବିଶିଷ୍ଟ ବ୍ୟକ୍ତିରା ଅନୁଷ୍ଠାନେ ଉପହିତ ଛିଲେନ। ଏର ଆଗେ, ରାଷ୍ଟ୍ରପତି 'ଓଡ଼ିଶା ପ୍ଯାଭିଲିଯନ' ସହ ବିଭିନ୍ନ ପ୍ଯାଭିଲିଯନ ପାରିଦର୍ଶନ କରେନ। ଏହି ପ୍ଯାଭିଲିଯନଙ୍ଗଲିତେ ଓଡ଼ିଶାର ସାଂକ୍ଷତିକ ସମୃଦ୍ଧି ଓ ରାଜ୍ୟର କାରିଗରଦେର ଦକ୍ଷତା ତୁଲେ ଧରା ହେବେ।

\*\*\*\*\*

**PM :**

ପ୍ରଧାନମନ୍ତ୍ରୀ ନରେନ୍ଦ୍ର ମୋଦି ଆଜ ଜୋର ଦିଯେ ବଲେଛେ ଯେ ତିନି ୨୦୪୭ ମାର୍ଗରେ ମଧ୍ୟେ ବିକଶିତ ଭାରତେ ଜନ୍ୟ ସମ୍ମତ ସମସ୍ୟାର ସମାଧାନ ଚାନ। ତିନି ବଲେନ ଯେ ସରକାରୀ ପ୍ରକଳ୍ପଙ୍ଗଲିକେ ୧୦୦ ଶତାଂଶ ସକଳେର କାହେ ପୋଁଛେ ଦେଇ ଉଚିତ ଏବଂ ଏଟିଇ ସାମାଜିକ ନ୍ୟାୟବିଚାର ଏବଂ ଧର୍ମନିରପେକ୍ଷତାର ଆସଲ ରୂପ। ନେତୃତ୍ୱାନ୍ତିକ ଉଦ୍ୟୋଗୀ ନିଖିଲ କାମାଥେର ସଙ୍ଗେ ଏକଟି ସାକ୍ଷାତ୍କାରେ, ପ୍ରଧାନମନ୍ତ୍ରୀ ଏକଥା ଜାନାନ। ତିନି ଉଲ୍ଲେଖ କରେନ, ମାନୁଷ ହିସେବେ ତିନି ଭୁଲ କରତେ ପାରେନ, କିନ୍ତୁ ଖାରାପ ଉଦ୍ଦେଶ୍ୟ ନିଯେ ତିନି କଥନେ ଭୁଲ କରବେନ ନା। ପ୍ରଧାନମନ୍ତ୍ରୀ ଉଲ୍ଲେଖ କରେନ ଯେ ରାଜନୀତିତେ ସଫଳ ହତେ

হলে অবশ্যই নিষ্ঠা ও প্রতিশ্রুতি থাকতে হবে, একটি ভালো দলের সদস্য হতে হবে এবং নিজেকে জনগণের জন্য উপলব্ধ করতে হবে। তিনি ভাল লোকেদের ক্রমাগত রাজনীতিতে প্রবেশ করার ওপর গুরুত্ব আরোপ করেন। প্রায় দু'ঘণ্টার সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী তাঁর জীবনযাত্রা, শিক্ষা, রাজনৈতিক ক্যারিয়ার, ব্যবস্থাপনা দক্ষতাসহ বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

\*\*\*\*\*

### Kumbhvani Channel :

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী ঘোষী আদিত্যনাথ আজ উত্তর প্রদেশের প্রয়াগরাজে মহাকুণ্ড ২০২৫ উপলক্ষে আকাশবাণীর কুণ্ডবাণী চ্যানেলের সূচনা করেন। মুখ্যমন্ত্রী আস্থা প্রকাশ করেন যে কুণ্ডবাণী শুধুমাত্র জনপ্রিয়তার নতুন উচ্চতায় পৌঁছোবে না, মহাকুণ্ডের চেতনাকে ঘারা মেলায় যোগ দিতে পারবেন না তাদের মধ্যে এবং প্রত্যন্ত গ্রামেও প্রসারিত করবে। ঘোষী আদিত্যনাথ বলেন, মহাকুণ্ড জাতি, ধর্ম ও বৈষম্যের উর্ধ্বে এবং ত্রৈক্যের বার্তা ছড়িয়ে দেয়। এই উপলক্ষে তিনি কুণ্ড মঙ্গল ধূনও প্রকাশ করেন।

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ড. এল মুরগান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। প্রসার ভারতীর চেয়ারম্যান নবনীত কুমার সেহগাল বলেন, প্রসার ভারতী দূরদর্শন এবং আকাশবাণীর মাধ্যমে সরাসরি সম্প্রচারের জন্য ব্যবস্থা করেছে। অনুষ্ঠানে প্রসার ভারতীর সিইও গৌরব দ্বিবেদী, আকাশবাণীর মহানির্দেশক ডঃ প্রজ্ঞা পালিওয়াল গৌর, দূরদর্শনের মহানির্দেশক কাঞ্চন প্রসাদ প্রমুখ উপস্থিত ছিলেন। আকাশবাণীর কুণ্ডবাণী চ্যানেল আজ থেকে ২৬শে ফেব্রুয়ারি সকাল ৫:৫৫ মি: থেকে রাত ১০:০৫ মি: পর্যন্ত মহা কুণ্ডের বিভিন্ন অনুষ্ঠান সম্প্রচার করবে। অনুষ্ঠানগুলি 103 মেগাহার্টজ ফ্রিকোয়েন্সি, নিউজ অন এ আই আর অ্যাপ এবং ওয়েভস্ ওটিটিতে শোনা যাবে।

\*\*\*\*\*

### **Assembly-Cases :**

রাজ্যের বিভিন্ন আদালতে বর্তমানে ৫০ হাজার ২৬৮টি মামলা বিচারাধীন রয়েছে। এর মধ্যে দেওয়ানি মামলার সংখ্যা ১৩ হাজার ১০৮টি এবং ফৌজদারি মামলার সংখ্যা ৩৭ হাজার ১৬০টি। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বিধানসভায় বিধায়ক নির্মল বিশ্বাসের এক প্রশ্নের উত্তরে এই তথ্য জানান।

\*\*\*\*\*

### **Sovapur School-Sonamura :**

সোনামুড়া মহকুমার পি.এম শ্রী শোভাপুর গার্লস হাইস্কুলে আজ এক অনুষ্ঠানে ১৫ জন মেধাবী ছাত্রীকে দীপ্তি রানী শীল স্মৃতি মেধা পুরস্কার প্রদান করা হয়। ৪ জনকে প্রদান করা হয় ৩০০০ টাকা করে মেধাবৃত্তি। অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার।

\*\*\*\*\*

### **Women's Cricket :**

জামশেদপুরে অনুষ্ঠিত মেয়েদের অনূর্ধ্ব ২৩ বছরের টি-২০ ক্রিকেটে গ্রুপের চতুর্থ খেলায় ত্রিপুরা প্রাইজিত হয়েছে। কিনান স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় আজ বরোদা ৯ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১০.৪ ডিগ্রি

সেলসিয়াস। আগামীকাল সকালে রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে  
ঘন কুয়াশা পড়বে।

\*\*\*\*\*